


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এমপিও শাখা
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।
ওয়েব সাইট: www.techedu.gov.bd.



“বিজ্ঞপ্তি”

অত্র দপ্তরের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৫.২২-৬১৪, ৬১৫, ৬১৬ ও ৬১৭ তারিখ: ০৬/০৬/২০২৩খ্রিঃ মোতাবেক বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের এইচএসসি (বিএম), এসএসসি (ভোকেশনাল), মাদ্রাসা (ভোকেশনাল ও বিএম) এবং কৃষি ডিপ্লোমা শিক্ষক-কর্মচারীদের মে/২০২৩ খ্রিঃ মাসের বেতন ভাতার সরকারি অংশ সংশ্লিষ্ট সর্বমোট ১২(বার)টি চেক অগ্রণী, জনতা, রূপালী ও সোনালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়, ঢাকায় ০৬/০৬/২০২৩খ্রিঃ তারিখে হস্তান্তর করা হয়েছে। মে/২০২৩ খ্রিঃ মাসের বেতন ভাতা উত্তোলনের সময় সীমা ১১/০৬/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল। শিক্ষক-কর্মচারীগণ তাদের স্ব স্ব ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে মে/২০২৩ খ্রিঃ মাসের বেতন ভাতা উত্তোলনের সময় সীমা বর্ধিত করে আগামী ২৫/০৬/২০২৩খ্রিঃ পর্যন্ত নির্ধারণ করা হলো। শিক্ষক-কর্মচারীগণ সংশ্লিষ্ট ব্যাংকের শাখা থেকে মে/২০২৩ খ্রিঃ মাসের বেতন ভাতা উত্তোলন করতে পারবেন। উল্লেখ্য যে, যারা ২০২২-২০২৩ অর্থ বছরে বেতন ভাতা উত্তোলন করতে পারেন নি তারা উক্ত সময়ের মধ্যে এ সকল বেতন ভাতা উত্তোলন করতে পারবেন।


২২.০৬.২০২৩

বিমল কুমার মিশ্র
সহকারী পরিচালক (এমপিও শাখা)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।